



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারী ১৭, ২০০৫

[৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত  
বিজ্ঞাপন ও নোটিশসমূহ।

সংযুক্তি-৬

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

পেট্রোসেন্টার (৮ম তলা), ৩, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ ( ২০০৩ সালের ১৩ নং আইন ) এর  
৫৯ ধারায় প্রদত্ত ক্ষমতা অনুযায়ী উক্ত আইনের তৃতীয় অধ্যায়ের ১৭ অনুচ্ছেদ মোতাবেক বাংলাদেশ  
এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক নিম্নলিখিত প্রবিধান করা হইল :-

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন :-

- (ক) এই প্রবিধান “বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন তহবিল প্রবিধান, ২০০৪” নামে  
অভিহিত হইবে।
- (খ) এই প্রবিধান সরকারী গেজেটে প্রকাশের তারিখ হইতে কার্যকর হইবে।

২। সংজ্ঞা :-

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায় :-

- (ক) “কমিশন” অর্থ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন;
- (খ) “এনার্জি” অর্থ বিদ্যুৎ, গ্যাস ও পেট্রোলিয়ামজাত পদার্থ;
- (গ) “ফি” অর্থ লাইসেন্স প্রদান, নবায়ন বা পুনর্বিবেচনার জন্য প্রাপ্ত বা প্রাপ্তব্য টাকা এবং  
বিদ্যুৎ সেক্টরের কার্যক্রমে প্রদত্ত সেবার বিনিময়ে আরোপিত যে কোন পরিমাণ অর্থ;
- (ঘ) “তহবিল” অর্থ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন তহবিল;
- (ঙ) “ব্যক্তি” অর্থে সংবিধিবদ্ধ হউক বা না হউক এমন কোম্পানী, সমিতি বা ব্যক্তি সমষ্টি;
- (চ) “লাইসেন্সী” অর্থ আলাচ্য আইনের অধীনে বিদ্যুৎ উৎপাদন, এনার্জি সংগঠন, বিপণন,  
বিতরণ, মঞ্জুরকরণ ও সরবরাহের জন্য লাইসেন্সপ্রাপ্ত কোন ব্যক্তি;

(৬৪১)

মূল্য : টাকা ২.০০